

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০।
www.bb.org.bd

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার লেটার নং- ০২/২০২০

তারিখ: ২৪ কার্তিক ১৪২৭
০৯ নভেম্বর ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী,
কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম, ২০২০।

শিরোনামোক্ত বিষয়ে ২০ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত এফআইডি সার্কুলার নং-০১/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত সার্কুলারের ৫(ছ) নং অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলোঃ

‘এ স্কিমের আওতায় কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান অনধিক তিনটি ব্যাংক হতে অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। একাধিক ব্যাংক থেকে ঋণ গ্রহণের ক্ষেত্রে অর্থায়ন সুবিধা গ্রহণকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের নির্ধারিত সীমার মধ্যে ঋণ গ্রহণ নিশ্চিতকল্পে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রথম এবং ক্ষেত্রমত, প্রথম ও দ্বিতীয় ব্যাংকের নিকট থেকে গৃহীত ঋণ তথ্য সম্বলিত একটি ঘোষণাপত্র সর্বশেষ অর্থায়নকারী ব্যাংকের নিকট দাখিল করতে হবে।’

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ০২-৯৫৩০৫৪৩

ইমেইলঃ anwar.islam@bb.org.bd